



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd


স্মারক নং-ক/নি/১০০১

তারিখ : ২৯-০৬-২০১৫ ইং

ভর্তির ফলাফল প্রকাশ ও অনলাইন ভর্তি প্রক্রিয়ার বিবরণ

১. ২৮-০৬-২০১৫ তারিখে শিক্ষার্থীদের মেধা, পছন্দক্রম এবং শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যার ভিত্তিতে ১ম মেধা তালিকা প্রকাশ করা হবে।
২. ১ম মেধাতালিকা থেকে ভর্তির তারিখ : ২৯-০৬-২০১৫ থেকে ০২-০৭-২০১৫ (বিলম্ব ফি ব্যতিত)
৩. ০২-০৭-২০১৫ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট কলেজের ভর্তি ফরম পূরণ করে কলেজের নিধারিত ফি জমা সাপেক্ষে ভর্তি হবে এবং সংশ্লিষ্ট কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের অবশ্যই অনলাইনে নিশ্চায়ন করতে হবে। অনলাইনে নিশ্চায়নের ফলে সার্বক্ষণিক ও সার্বিকভাবে প্রতিটি কলেজে ভর্তিকৃত শিক্ষার্থী এবং খালি আসন সংখ্যা (গ্রুপ, শিফট এবং ভার্সন ভিত্তিক) সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে।
৪. যেসকল নির্বাচিত শিক্ষার্থী পছন্দের উর্ধ্বক্রমে কলেজ পরিবর্তন (মাইগ্রেশন) করতে ইচ্ছুক তাদেরকেও সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে ও ভর্তি হওয়ার পর ০৪-০৭-২০১৫ তারিখের মধ্যে তাদেরকে অনলাইনে নিজ নিজ Application ID ও Password ব্যবহার করে শিক্ষার্থী নিজেই কলেজ পরিবর্তনের পছন্দের উর্ধ্বক্রমের জন্য সম্মতি/অপশন প্রদান করবে।
৫. ১ম মেধা তালিকা শেষ হবার পর যে সমস্ত শিক্ষার্থী কলেজ পরিবর্তন(মাইগ্রেশন) এর অপশন প্রদান করেছে এবং যারা এখনো কোন কলেজে ভর্তির জন্য নির্বাচিত হয় নি তাদের ফলাফল এবং কলেজসমূহের খালি আসনের ভিত্তিতে ২য় মেধাতালিকা প্রকাশ করা হবে ০৬-০৭-২০১৫ তারিখে।
৬. ২য় মেধা তালিকা এবং মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তারিখ : ০৭-০৭-২০১৫ ও ০৮-০৭-২০১৫ (বিলম্ব ফি সহ)
৭. ২য় মেধাতালিকা এবং মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি শেষ হওয়ার পর কলেজের (গ্রুপ, শিফট এবং ভার্সন ভিত্তিক) শূণ্য আসনের তালিকা অনলাইনে পাওয়া যাবে।
৮. ১ম ও ২য় মেধাতালিকায় যে সব শিক্ষার্থী নির্বাচিত হয়েছে ও কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিধারিত তারিখের মধ্যে ভর্তি হয়নি বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হয়নি তাদেরকে রিলিজলিপিধারী হিসেবে বিবেচনা করা হবে। এ পর্যায়ে তারা বিভিন্ন কলেজে খালি আসনের বিপরীতে অনলাইনে সর্বোচ্চ ৫ টি কলেজের অপশন দিয়ে ০৯-০৭-২০১৫ থেকে ১০-০৭-২০১৫ তারিখের মধ্যে আবেদন করবে। এক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।
৯. রিলিজলিপিধারী প্রার্থীদের আবেদনের ফল ১১-০৭-২০১৫ তারিখে প্রকাশ করা হবে।
১০. রিলিজলিপিধারী প্রার্থীদেরকে ১২-০৭-২০১৫ তারিখে বিলম্ব ফি সহ সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে।
১১. নতুন আবেদনকারী ছাত্র/ছাত্রী অর্থাৎ যেসব শিক্ষার্থী পূর্বে অনলাইন বা এসএমএস এর মাধ্যমে আবেদন করে নাই সেইসব শিক্ষার্থী অনলাইনে বিভিন্ন কলেজের শূণ্য আসন দেখে ১৩-০৭-২০১৫ থেকে ২১-০৭-২০১৫ তারিখের মধ্যে অনলাইনে সর্বোচ্চ ৫টি এবং এসএমএস এর মাধ্যমে একাধিক কলেজের পছন্দক্রম দিয়ে আবেদন ফি প্রদানপূর্বক আবেদন করতে পারবে।
১২. নতুন আবেদনকারীদের ফলাফল ২৩-০৭-২০১৫ ইং তারিখে প্রকাশ করা হবে।
১৩. নতুন আবেদনকারীদের ভর্তির তারিখ : ২৫-০৭-২০১৫ ও ২৬-০৭-২০১৫ ইং (বিলম্ব ফি-সহ)
১৪. ক্লাস শুরু : ০১-০৭-২০১৫ ইং
১৫. ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বোর্ডের প্রাপ্য ফি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণের- তারিখ : ০৫-০৭-২০১৫ ইং।(বিলম্ব ফি-ছাড়া)
১৬. ২য় মেধা তালিকা, রিলিজলিপিধারী ও নতুন (২য় পর্যায়ের আবেদনকৃত শিক্ষার্থী) ভর্তিকৃত শিক্ষার্থীদের বোর্ডের প্রাপ্য ফি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণের তারিখ : ২৮-০৭-২০১৫ ইং।(বিলম্ব ফি-সহ)

চেয়ারম্যানের নির্দেশক্রমে-



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।